

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 01.05.2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Buddha Jayanti :

আজ বুদ্ধ জয়ন্তী, বুদ্ধ পূর্ণিমা। রাজ্যেও যথাযথ ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্যে দিয়ে শান্তি অহিংসা ও প্রেমের পূজারী বৌদ্ধ ধর্মের প্রবর্তক ভগবান শ্রী গৌতম বুদ্ধের ২৫৭০তম আবির্ভাব তিথি পালনের উদ্যোগ নেওয়া হয়েছে। মূল অনুষ্ঠানটি হচ্ছে আগরতলার বেণুবন বিহার বুদ্ধ মন্দির বা বুদ্ধ মঠে। বেণুবন বিহার বৌদ্ধ মঠের প্রধান ভান্তে ডঃ খেমচেরা জানিয়েছেন বুদ্ধ পূজার মধ্যে দিয়ে অনুষ্ঠানের শুরু হয়। এর আগে বৌদ্ধ সন্ন্যাসীদের শহরে প্রভাত ফেরী, বিকেলে হবে আলোচনাচক্র। আলোচনাচক্রে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বৌদ্ধ পূর্ণিমা উপলক্ষে রাজ্যের সকল অংশের জনগণের সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনা করেছেন।

Restriction on Buddha Purnima :

পবিত্র বৌদ্ধ পূর্ণিমা উপলক্ষে রাজ্যের সব জেলায় মাছ ও মাংস বিক্রি এবং যেকোনো প্রকার প্রাণী হত্যার উপর সম্পূর্ণরূপে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। সংশ্লিষ্ট সকল ব্যবসায়ী, বিক্রেতা এবং সাধারণ জনগণকে এই আদেশ মেনে চলার জন্য অনুরোধ জানানো হয়েছে। আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও জেলা প্রশাসন সূত্রে জানানো হয়েছে।

Assembly :

রাজ্য বিধানসভায় গতকাল একদিনের বিশেষ অধিবেশনে নারী শক্তি বন্দন অধিনিয়ম সংশোধনী বিলের সমর্থনে উত্থাপিত প্রস্তাব ধ্বনি ভোটে গৃহীত হয়। বিলটি উত্থাপন করেন মুখ্যসচিব কল্যাণী রায়। সংশোধনী বিলের উপর আলোচনায় অংশ নিয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, নারী শক্তি বন্দন অধিনিয়ম বিল হচ্ছে গণতন্ত্রের ইতিহাসে একটি বৈপ্লবিক অধ্যায়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মূল লক্ষ্য হচ্ছে মহিলাদের প্রকৃত উন্নয়ন। তিনি বলেন, এই বিলটি সিদ্ধান্ত গ্রহণ ও নীতি নির্ধারণে নারীদের অংশগ্রহণ বৃদ্ধি করবে, যা দেশের অগ্রগতিতে অবদান রাখবে। বিলটির তাৎপর্য নিয়ে বিস্তারিত বক্তব্য রাখেন সংসদ বিষয়ক মন্ত্রী রতনলাল নাথ, বনমন্ত্রী অনিমেষ দেববর্মা, সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া। বিধায়ক সুদীপ রায় বর্মণ, গোপাল রায় সহ ড্রেজারী ও বিরোধী বেঞ্চার অনেকেই এই প্রস্তাবের উপর বক্তব্য রাখেন। অধিবেশনের নির্ধারিত কার্যসূচি শেষে অধ্যক্ষ রামপদ জমাতিয়া বিধানসভার অধিবেশন অনির্দিষ্টকালের জন্য মূলতবি ঘোষণা করেন।

PM-JANMAN- Health Camp :

প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহা অভিযান প্রকল্পে গতকাল ধলাই জেলার গণ্ডাছড়া মহকুমা হাসপাতালের উদ্যোগে রামনগর বাজারে এক স্বাস্থ্য শিবির ও সচেতনতা কর্মসূচি সম্পন্ন হয়েছে। শিবিরে এলাকার ১৯ জন সরাসরি স্বাস্থ্য পরিষেবা গ্রহণ করেছেন। বর্ষা মৌসুমের আগে ম্যালেরিয়া প্রবণ এলাকায় বিশেষ সতর্কতা হিসেবে উপস্থিত প্রত্যেকের রক্ত পরীক্ষা ও স্ক্রিনিং করা হয়।

Crop Damage :

কৃষি দপ্তরের উপ-অধিকর্তা সুপ্রতিম চাকমা জানিয়েছেন, সাম্প্রতিক ঝড় বৃষ্টিতে গোমতী জেলায় প্রাথমিক রিপোর্ট অনুযায়ী, প্রায় ১২ হাজার ৪৮৫ হেক্টর বোরো ধান চাষের জমি ক্ষতিগ্রস্ত হয়েছে। এর মধ্যে ১১০ হেক্টর জমি সম্পূর্ণ এবং প্রায় ৩৭২ হেক্টর জমির আংশিক ক্ষতি হয়েছে। এতে প্রায় ১ হাজার ৭১৩ জন কৃষক ক্ষতিগ্রস্ত হয়েছেন।

সিপাহীজলা জেলাতেও কৃষিক্ষেত্রে ক্ষয়ক্ষতি নিরূপনের কাজ শুরু হয়েছে। প্রাথমিক হিসেবে অনুযায়ী সিপাহীজলা জেলায় ৩১০ হেক্টর জমিতে ধান, ভুট্টা, ডাল তৈলবীজের ক্ষতি হয়েছে। এক্ষেত্রে ক্ষতিগ্রস্ত কৃষকের সংখ্যা ৩ হাজার ২১৫ জন। ১৩৫ হেক্টর জমিতে ১ হাজার ১৫৩ জন কৃষকের গ্রীষ্মকালীন শাক-সবজির ক্ষতি হয়েছে।

এদিকে শিল্প ও বাণিজ্য প্রতিমন্ত্রী বৃষকেতু দেববর্মা গতকাল সিমনার বড়কাঠাল এলাকায় সাম্প্রতিক ঝড়বৃষ্টিতে ক্ষতিগ্রস্ত কৃষিজমি পরিদর্শন করেছেন।

Dr. B.R Ambedkar :

সংবিধান প্রণেতা ভারতরত্ন ডক্টর বি আর আম্বেদকরের ১৩৬তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে গতকাল কৈলাশহরের শ্রীরামপুর স্বামী বিবেকানন্দ ভবনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উনকোটি জেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন উনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ।

ICSE & ISC Result :

আই.সি.এ.সই ও আই.এস.সি পর্ষদ পরিচালিত দশম এবং দ্বাদশ পরীক্ষার ফল গতকাল প্রকাশিত হয়েছে। আগরতলা হোলিক্রশ স্কুলের অধ্যক্ষ ফাদার জিলসন টম জানান, আই.সি.এস.ই দশম পরীক্ষায় ২৫০ জন ছাত্রছাত্রীর মধ্যে সবাই পাস করেছে। এর মধ্যে ১৩৩ জন ডিস্টিংশনসহ, ৯৭ জন

প্রথম বিভাগে এবং ২০ জন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। আই.এস.সি পরীক্ষায় দ্বাদশ শ্রেণিতে ১৩৩ জন ছাত্রছাত্রীর মধ্যে ১৩১ জন পাস করেছে।

Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের পশ্চিম ও সিপাহীজলা জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া বাকি জেলাগুলিতে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ডিগ্রি ২২.৯ সেলসিয়াস।
